



NEWSLETTER

Vol. 3 | Issue No. 2 | Oct-Dec 2023



One of the final paintings of Van Gogh

PENTAX

BINOCULAR

Since 1938

NEW A-SERIES AND S-SERIES BINOCULARS

ED (Extra-low Dispersion)
optical elements deliver a sharp,
high-contrast, blur-free view.



* T&C APPLIED




+91 88044 04499 @ricohpentaxindia www.ricohpentax.in



Common Green Magpie
@ PriyamChattopadhyay

“By the gorgeousness of their plumages and the loveliness of their forms, by the vivaciousness of their movements and the sweetness of their songs, birds typify Life and Beauty. ”

- The Book of Indian Birds, Dr. Salim Ali



Fantail is a newsletter published by Birdwatchers' Society. This newsletter's primary aim is collecting and disseminating learnings, experiences and anecdotes contributed by citizens through their observations from the field. While the emphasis is on the avian world, equally important are the observations of the habitat and environment of the avifauna including conservation, biodiversity and acknowledge citizen scientists of the region.

Front Cover:
Wheatfield with Crows by Vincent van Gogh
(One of Van Gogh's final paintings before his death in July 1890.)

Theme Page:
Priyam Chattopadhyay

Back Cover:
Sujan Chatterjee

Design, Layout & Graphics:
INTAGLIO
info@eintaglio.co.in

Publisher:
Birdwatchers' Society
Address: DB 75, Salt Lake,
Kolkata 700064, INDIA


Email:
birdwatcherssocietywb@gmail.com

Website:
<https://birdwatcherssociety.org>

CONTENT

FROM THE EDITORIAL DESK	07
BIRD ARRIVALS FRESH & RARE Pampa Mistri	09
অথ বায়স-বৃত্তান্ত ডঃ স্বপন কুমার ঠাকুর	13
কাকমারা আলোচনাঃ কনাদ বৈদ্য	22
কাক আর কলকাতা কনাদ বৈদ্য	24
MUCH TO CROW ABOUT Dr Sukanya Datta	27
KASHMIR NUTCRACKER- A TOUGH NUT TO CRACK Adhirup Ghosh	31
CORVIDS OF INDIA Pampa Mistri	33
জলাভূমির কাক - ছড়ার ছন্দে কাক	35
CROSSWORDS Dr. Sukanya Datta	36

PAIRING AND NESTING OF HOUSE CROW AND INDIAN JUNGLE CROW Kaustav Khan	38
THE CROWNICLES OF INDIA Souvik Roychoudhury	44
A MURDER OF CROW, BY CROWS AND FOR CROWS Titash Chakrabarti	49
NOT PRETTY BUT SUPER INTELLIGENT -THE HOODED CROW Shalini Iyengar	51
FEATHERS Alan Totten	53
CROW IN LIMERICKS - a collection of Bengali Limericks	54
লেসার ফ্লুরিক্যান বা লীখ- ভারতীয় তৃণভূমির রহস্যময় পাখি আজ বিলুপ্তির পথে বিশ্ব রঞ্জন গোস্বামী	56
DECODING CALIDRIS Priyam Chattopadhyay	60
ANNUAL GENERAL MEETING 2023 Birdwatcher's Society [BWS]	61
SCOPES – A PRIMER Arijit Banerjee	64
ILLUSTRATION (BIRD HUMOUR) Aindrila Sarkar	67



EDITORIAL

Hello Birders,

Welcome to Fantail
(Volume3 - Issue#2).

This issue of fantail covers an avian species whose members are revered, disliked, feared, and yet very intelligent. Our special guests are the members of the Corvidae family. This term may not be familiar to many, but “crow” evokes a vivid image of a black bird with a notable coarse sound - Crows, Ravens, Magpies, Jays, Treepies, Choughs, and Nutcrackers belong to the Corviade family of the Order Passeriformes. Often dismissed as common familiar blackbirds, corvids include some stunningly beautiful birds; the magpies and treepies are among the most elegant and graceful of all the world’s birds. **Across the world, approximately 130 extant and 18 extinct species exist in 28–30 genera of the Corvids (Corvidae) family, depending on the preferred species concept and classification.**

Read about the Corvus species largely resident within India, i.e. the House crow that has a widespread

distribution, followed by the Large-billed crow. Interestingly, the common raven is extensive in areas where the Large-billed crow is shown not to be present. While the Eurasian Jackdaw is present across open cultivated valleys of the north-western Himalayas, the Carrion crows are residents and winter visitors of the north-western Himalayas. Due to their cognitive abilities, smartness, and intelligence, Crows and Ravens have also been part of folklore and culture for ages in mythical and mystical doctrines. We will learn more about the members of this Genus as we browse through the fascinating, factual contents of this issue put together by our esteemed contributors.

Dr Swapan Thakur, teacher and researcher of folk history and culture of Rarh Bengal, narrates ‘অথ বায়স-বৃত্তান্ত’ - Crow stories from Bengal’s folklore, cultural festivals, mythology and literature - a fascinating repertoire of anecdotes. The story’s finer and more subtle essence gets lost in translating it into English. Hence, we decided to present the original form for now and possibly share the

translated adaptation on our website later. Equally interesting is Dr Sukanya Datta's (Retired Chief Scientist with CSIR) collection of tales and facts from around the world about the Corvids in her article 'Much to Crow About'. The intelligence of crows transcends into mimicry as well. Adhirup Ghosh narrates his experience with Kashmir Nutcracker in the article 'A Tough Nut to Crack'. Kaustav Khan, in his article on 'Pairing & Nesting of House Crows & Jungle Crows', presents evidential data of such a mimicry or possibly a hybrid.

Souvik Roychoudhury, a regular contributor to Fantail and a senior member of BWS, writing about 'Crownicles' shares his account of Genus - Corvus sightings. Journeying through Kashmir, It is enlightening to read Titash Chakrabarti's witty tale on crow memory while recounting his Corvus adventure, while Shalini Iyengar recalls her Hooded Crow encounter in the Middle East.

We also have a unique collection of Crow Limericks! in Bengali, apart from a poem by Alan Tottem from the UK.

As in other editions, we do have a few other articles, one of them, by Priyam Chattopadhyay, presents the different

plumages of the Calidris species as seen at the coasts of Bengal during different times of the year. Biswa Ranjan Goswami, a retired WB Government officer, has written about the sad plight of the 'Critically Endangered' Likh or the Lesser Florican. Continuing our regular feature on Birding Gear, we have included an excellent 'Primer on Birding Scopes' presented by Forester - Arijit Banerjee in this issue.

We wrap up the issue with a bird cartoon created by Aindrila, and the other usuals - BWS activity update and Crossword.

Happy reading!

BWS Editorial Team



BIRD ARRIVALS FRESH & RARE

Pampa Mistri

During the period spanning from July to September 2023, our community of birders remained active and enthusiastic. Their passion and dedication towards this beloved pastime was quite evident. Notably, the migration has already started and avian friends are reaching Indian sub-continent in numbers.

Here is the list of the stop-over guests that enthralled us.

2023 Arrivals - July-August-September (till 4th)				
Sr No	BIRD SPECIES	LOCN - 1	LOCN - 2	SIGHTING DATE/S
1	Pale-capped Pigeon	Bhautala RF, Paschim Medinipur		01 July 2023
2	Pacific Golden Plover	Kargil Beach, Fraserganj	Meidinagar, Purba Medinipur	01 July & 31 August 2023
3	Whimbrel	Kargil Beach, Fraserganj	Meidinagar, Purba Medinipur	01 July & 31 August 2023
4	Great-crested Tern	Kargil Beach, Fraserganj		01 July 2023
5	Glossy Ibis	Baruipur		01 July 2023
6	Red-naped Ibis	Kanksa, Paschim Bardhaman		01 July 2023
7	Bristled Grassbird	Baruipur	Singur, Hooghly	01 & 14 July 2023
8	Indian Peafowl	Kanksa, Paschim Bardhaman		02 July 2023
9	Black Francolin	Gourangapur, Paschim Bardhaman	Barapatina Nutanbus, Jalpaiguri	02 July 2023
10	Banded Bay Cuckoo	Gourangapur, Paschim Bardhaman		02 July 2023
11	Grey-bellied Cuckoo	Gourangapur, Paschim Bardhaman		02 July 2023
12	Lesser Cuckoo	Gourangapur, Paschim Bardhaman	Shrubbery Nightingale Park, Darjeeling	02 & 04 July 2023
13	Jungle Prinia	Gourangapur, Paschim Bardhaman		02 July 2023

2023 Arrivals - July-August-September (till 4th)				
14	Indian Peafowl	Gourangapur, Paschim Bardhaman		02 July 2023
15	Lesser Adjutant Stork	Pirchak, Pashim Medinipur		02 July 2023
16	Black-headed Ibis	Khayrabera, Purulia		02 July 2023
17	Brown-cheeked Fulvetta	Khayrabera, Purulia		02 July 2023
18	Yellow-bellied Flowerpecker	Rongtong-Laptanchar Road, Darjeeling		03 July 2023
19	Blue-bellied Roller (escapee)	Sun City, 24 pgs(S)		04 July 2023
20	Upland Pipit	Senchal WLS--Tiger Hill DG		05 July 2023
21	Great Grey Shrike	Purulia		03 July 2023
22	Jerdon's Bushlark	Purulia		03 July 2023
23	White-browed Bulbul	Muruguma, Purulia		03 July 2023
24	Yellow-throated Sparrow	Muruguma, Purulia		03 July 2023
25	Indian Roller	Bidyadharpur--Kopai River Bank, Birbhum		07 July 2023
26	Plaintive Cuckoo	Uluberia, Howrah		10 July 2023
27	Spot-winged Starling	Mahananda WLS--Rongtong and Shivakhola Forest DG, Darjeeling		10 July 2023
28	Indian Spotted Eagle	Signal BN CRPF, 24 Pgs(N)		11 July 2023
29	Green Sandpiper	Singur, Hooghly	Diara, Hooghly	14 & 27 August 2023
30	Fulvous Parrotbill	Senchal WLS--Tiger Hill DGchal WLS		15 July 2023
31	Cotton Pygmy-Goose	Burinagar, Dakshin Dinajpur		16 July 2023
32	Blue-tailed Bee-eater	Sahanali, Dakshin Dinajpur		16 July 2023
33	Great Myna	Sukna Forest, Darjeeling		18 July 2023
34	Barn Swallow	Singur, Hooghly		22 July 2023

2023 Arrivals - July-August-September (till 4th)				
35	Terek sandpiper	Sunderban TR,24 pgs(S)		23 July 2023
36	Red Avadavat	Singur, Hooghly		23 July 2023
37	Whiskered Tern	Bakreswar Dam,Birbhum		25 July 2023
38	Orange-breasted Green Pigeon	Botanical Gardens,Howrah		29 July 2023
39	Brown Shrike	Senchal WLS--Tiger Hill DGchal WLS		30 July 2023
40	Long-legged Buzzard	Madhaiganj jungle, Paschim Bardhaman		31 July 2023
41	White-browed Fantail	JorePokhri WLS DG,Darjeeling		31 July 2023
42	Chestnut-winged Cuckoo	Lobo House, Kalimpong		05 August 2023
43	Common Tern	Singur, Hooghly	Sadarghat,Purba Bardhaman	09 & 20 August 2023
44	White Wagtail	Chaupahari,Birbhum		09 August 2023
45	Red-necked Falcon	, Paschim Medinipur		11 August 2023
46	Himalayan Shortwing	Lepcha Jagat DG,Darjeeling		12 August 2023
47	Indian Pitta	Kankrajhor, Jhargram		14 August 2023
48	Tawny-bellied Babbler	Burusadam Hut, Knakrajhore,Jhargram		14 August 2023
49	Long-billed Thrush	SH 12,Darjeeling		14 August 2023
50	Asian Brown Flycatcher	Kankrajhor, Jhargram		14 August 2023
51	Indian Grey Hornbill	Damodar River Side grassland,Paschim Bardhaman		14 August 2023
52	Little Tern	Manguchak, Paschim Medinipur		20 August 2023
53	Brown-breasted Flycatcher	Mahananda WLS--Nurbong Tea Garden, Darjeeling		23 August 2023
54	Kentish Plover	Meidinagar, Purba Medinipur		31 August 2023
55	Eurasian Curlew	Meidinagar, Purba Medinipur		31 August 2023

2023 Arrivals - July-August-September (till 4th)				
56	Rudy Turnstone	Meidinagar, Purba Medinipur		31 August 2023
57	Great Knot	Meidinagar, Purba Medinipur (72 nos.)		31 August 2023
58	Curlew Sandpiper	Meidinagar, Purba Medinipur (21nos.)		31 August 2023
59	Sanderling	Meidinagar, Purba Medinipur		31 August 2023
60	Little Stint	Meidinagar, Purba Medinipur		31 August 2023
61	Terek Sandpiper	Meidinagar, Purba Medinipur (32nos.)		31 August 2023
62	Common Redshank	Meidinagar, Purba Medinipur		31 August 2023
63	Barred Buttonquail	Lohagarh Math, Birbhum		31 August 2023
64	White-winged Tern	Meidinagar, Purba Medinipur		31 August 2023
65	Glossy Ibis	Meidinagar, Purba Medinipur (31nos.)		31 August 2023
66	Lesser Coucal	Manguchak, Paschim Medinipur		03 September 2023
67	Pin-tailed Snipe	Rajarhat Wetlands--Proposed Silicon Valley, 24 pgs (N)		03 September 2023
68	Wood Sandpiper	Aban Setu, Birbhum		03 September 2023
69	White-browed wagtail (Large Pied Wagtail)	Aban Setu, Birbhum	Bara Simulia, Birbhum	03 September 2023

Pampa Mistri a resident of Kolkata is a senior member of Birdwatchers' Society.



অথ বায়স-বৃত্তান্ত ডঃ স্বপন কুমার ঠাকুর

মাঝ বোশেখের ফুটিফাটা মাঠ। সকাল বেলাটা একটু ঠাণ্ডা ঠাণ্ডা। যত রোদ বাড়ে মাঠের রূপ যায় পালটে। একটা যেন আধপোড়া ধূসর বর্ণের আস্তরণ দিগন্তের কোল ঘেঁষে লেপটে। খাঁ খাঁ করছে রোদ-চমচমে দুপুর।। মাঝে মাঝে পাক খায় শুকনো খড় কুটো, ধুলো। আখের ভুঁয়ের আলসের টুকরো। দমকা বাওরে সোজা লম্বা হয়ে উপরের দিকে উঠে গিয়ে কিছুটা দূরে মুখ গুঁজরে পড়ে। মুরঝি চাষি বলে-

--সাবধান! বাওরা ভুতের নাচন। তফাৎ যাও!

মাঠে এক জনমনিস্যি নেই। শুধু পগারের উঁচু তালগাছটা থেকে মাঝে মাঝে একটা ভৌতিক কাক ডাকছে বিলম্বিত লয়ে --কা--কা- কা!

জনহীন প্রান্তরে সেই ডাক ধীরে ধীরে ছড়িয়ে পড়ে। যেন সীমাহীন শূন্যতার শব্দমূর্তি। একটানা সেই কাকডাকা শুনলে মনের ভেতর থেকে কেমন যেন একটা বিচিত্র অনুভূতির ঘূর্ণি বর্মির মতো উঠে আসে।

অবশ্য কাকের বিচিত্র ডাক বা কণ্ঠস্বর আমার কাছে বিন্দুমাত্র অপরিচিত নয়। গণ্ডগ্রামে মানুষ হয়েছি। সুতরাং কাক আমার কাছে পাশের বাড়ির খুড়ো ভাইপোর মতোই চেনা জানা। কাক কোকিল ডাকা ভোরেই অধিকাংশ দিন ঘুম ভেঙেছে। দুপুরে যখন নিমগাছের মাথায় কাক ডাকছে তখন প্রতিবেশী ফেলার মা কথায় কথায় বলে -

-- তোদের বাড়িতে কুটুম আসবে রে। কী রকম কাগ কলকলাইছে দ্যাখ।

কিন্মা সাঁজের আঁধার নামতেই তীর বেগে ছোট বাসামুখো কাকের লম্বা ডাক শুনে তুলসিতলায় প্রদীপ দিতে দিতে মা পাল্লা দিয়ে বলছে

-- রা- ম! রা--ম!

গ্রামীণ যাপনের প্রায় প্রতিটি অঙ্গে কাক জড়িয়ে রয়েছে; জীবন-মৃত্যু, উৎসব-ব্যসন, লোকভাষা- লোকসাহিত্য এমনকি চাষবাসের সঙ্গে। মনে পড়ে এক কাকজোৎস্না রাতে প্রথম প্রণয়ের আলো আঁধারি স্মৃতির একটুকরো ঝলকানি। বিয়ে ঠিক হয়ে যাওয়া প্রেমিকার ব্যথার কাজলে লেখা চিঠির প্রত্যুত্তরে আমার অক্ষম গান বাঁধা প্রয়াস।

কাগজোস্তা রাতে তুমি ভালো থেকে সই।

ভুলে যেও চিরতরে আমি বিদেয় হই।।

প্রকাণ্ড পদ্মদিঘি। শেষ ভাদ্রে কাগচক্ষু মায়াবি অতল জল। একদিন সকালবেলায় সেই দিঘির পাড়ে ঘনিয়ে উঠলো কান্নার

রোল। মোড়ল পাড়ার অবুঝ ছেলোটি। দিঘির জলে গলায় কলসি বেঁধে আত্মহত্যা করেছে। ফিসফিসিয়ে ওঠে তার কত কারণ। সঙ্গে এও জানা যায়-- পাড়ায় ক' দিন ধরে কি আর এমনি এমনি যম কাগ ডাকছে!

হারিকেনের মৃদু আলোয় ঠাকুমার মুখে কতবার শুনেছি সেই গল্পটাঃ কীভাবে পৃথিবীতে কাক এসেছে। কৃষ্ণ মথুরা যাচ্ছে কংসকে বধ করতে। বিরহিনী রাধা সবকিছু ত্যাগ করে পাগলের মতো ছুটে এসেছে কদমতলায়। কৃষ্ণ রথে চেপে আছে। বার বার মিথ্যা আশ্বাস দিচ্ছে রাধাকে। আমি ফিরে আসবো। আবার আমি তোমার কাছে ফিরে আসবো। অপেক্ষা কর রাধে!

না- কৃষ্ণ আর ফিরে আসেনি। অভাগিনী রাধা কাঁদতে কাঁদতে চোখের কাজল দিয়ে তৈরি করেছিল একটি কালো কাকের পুতুল। বলেছিল -যারে কাক উড়ে যা। মথুরায় আমার কৃষ্ণ কেমন আছে দেখে আয়! কাক উড়ে গেল যমুনা পেরিয়ে মথুরায়। তারপর একসময় ফিরে এলো শুকনো মুখে।

-- কেমন আছে আমার কৃষ্ণ?

- ভালো আছে।

--কবে আসবে আমার প্রিয়তম?



চুপটি করে থাকে কাক। কাকের সেই নিস্তবতার জমিতে আজও মুড়িয়ে আছে গল্পের নটেগাছটি। তবু সেই গল্প শুনে দুচোখ বেদনার্দ হতো। সকালে যখন মুড়ি খেতাম তখন প্রায়শঃ একটা চেনা কাক নিরাপদ দূরত্ব থেকে ঘাড় কাত করে আমার খাওয়ার দিকে চেয়ে থাকতো। মনে পড়ে যেত ঠাকুমার বলা অসমাপ্ত গল্পটি।

আজও মনে পড়ে নবান্ন উৎসবের সকালে কলার পাতায় বাহির দুয়ারে কতবার নবান্ন নিয়ে অপেক্ষা করেছি। না! সেদিন কাক আর আসেনি। দেখেছি কালবৈশাখি ঝড়ে আহত মাটিতে লুটিয়ে পড়া ঝোড়ো কাকের অস্তিম ছটফটানি। দেখেছি পাশের বাড়ির রাঙাপিসি তার নাটিকে ভাত খাওয়ানোর সময় প্রতিদিন সেই ছড়াটা সুরেলা গলায় বলতো--

খোকন খোকন ডাক পাড়ি

খোকন মোদের কার বাড়ি?

আয় রে খোকন ঘরে আয়

দুধমাখা ভাত কাকে খায়!

আরও একটি দৃশ্য আজও স্মৃতির পাতায় জ্বলজ্বল করছে। তখন পঞ্চম কি ষষ্ঠ শ্রেণীতে দু' মাইল দূরের ইস্কুলে পড়ি। মনিং ইস্কুল শেষে বাড়ি ফিরে আসছি জষ্টি মাসের তাতাল মাঠ ভেঙে। ধুলো ভরা রাস্তাতে ইতিমধ্যেই আগুনের ভাপ জেগেছে। আমগাছতলায় খানিকক্ষণ জিরিয়ে নিচ্ছি। কেউ কেউ গাছে উঠে দোল খাচ্ছে। হঠাৎ নজরে দৃশ্যটা আসতেই চমকে উঠলাম! একটা কাক মড়ে পড়ে আছে ধুলোয়। আর যত রাজ্যের কাক এসে কা কা করে মরা কাকটাকে চক্কর কেটে ঘুরছে। কেউ কেউ আবার খানিকটা দূরে মাটিতে নেমে কা কা করে চাঁচিয়ে যাচ্ছে। যেন প্রশ্ন করছে কী হয়েছে? কী হয়েছে? কিস্বা, কী বুঝেছে কে জানে। আরও হয়তো কাকের ভিড় বাড়তো। যদি না বন্ধু বিবে একটা ঢিল ছুঁড়তো ওদের দিকে। সমস্ত কাক কিছুক্ষণের মধ্যে উড়ে গেল। পড়ে থাকলো শুধু ধুলোয় ধূসর হয়ে মরা কাকটা।

আজও মনে মনে ভাবি কাক কি তাদের স্বজাতির মৃত্যু বুঝতে পারে? অথবা তাদের কি মৃত্যু চেতনা আছে? অথবা অন্য কিছু? কিস্বা কিছুই নয়?

না। উত্তরটা আজও আমার অনুভূতিতে ঠিক ধরা দেয়নি।

॥ দুই ॥

বস্তুতঃ, কাক এক বিচিত্র পাখি। শুধু গ্রামগঞ্জে নয়, শহরেও কাক দেখা যায় বিস্তর। গঙ্গার ধারে, লোকালয় বহির্ভূত শ্মশানের চারপাশে কাকেদের যেন আড্ডাখানা। ভোরে ইলেক্ট্রিকের তারে কাকেদের যেন সভা বসে যায়। গ্রামের পাশ দিয়ে নদী বহে গেলে তো কথাই নেই। সেখানেও কাকেদের রাজত্ব। আগে মাঠের ভাগাড়ে মৃত গোরু মোষ ফেলে গেলে শকুনির সঙ্গে কাকেরাও হাজির হতো। এখন সে ছবি দুর্লভ হয়ে গেছে।

খুবই চালাক আর সমজদার পাখি কাক। ভাত তরকারি থেকে শুরু করে মৃত জানোয়ারের মাংস সব খেয়ে পরিষ্কার করে ফেলে। কে শত্রু আর কে মিত্র বুঝতেও তার নাকি জুড়ি মেলা ভার। সোশ্যাল মিডিয়ায় দেখা গেছে কাক যাকে মিত্র ভাবে তার জন্য নাকি উপহারও নিয়ে আসে ঠোঁটে করে। গ্রামে দেখেছি তেলের ছোট বাটি, সাবানের টুকরো, এমনকি খোলা বাথরুমে থাকা সোনার আঙটি নিয়েও চম্পট দিয়েছে কাক। সে সব লুকিয়েছে তার কাটিমুটি দিয়ে তৈরি বাসায়।

নানা ধরনের কাকের মধ্যে গ্রামগঞ্জে সাধারণত পাতিকাক আর দাঁড়কাকের দেখা মেলে। পাতিকাকের অপর নাম পানিকাক। কপাল মাথা ঠোঁট ঘাড় কালো রঙের হলেও বুক পেট গলা ফ্যাকাশে বর্ণের। নদীর ধারে থাকে। জলে ভেসে আসা মৃত জীবজন্তু ইত্যাদির উপরে খানিকক্ষণ ভেসে থেকে নিজের উদরপূর্তি করে। তারপর একসময় হুস করে পাখা মেলে। নদী-বিহীন গ্রামে পাতিকাকের বাসা গেরস্থের ঘরের আশেপাশেই। গ্রামে যখন জলা মাঠে গোরু মোষ চড়ে পাতিকাক তখন তাদের পিঠে চেপে চামড়ার ঐঁটুলি খায় নির্ধিতায়।

দাঁড়কাকের উপরের দিকে পালকগুলি বেশ চকচকে কালো রঙের। দৈর্ঘ্যে উনিশ-বিশ ইঞ্চি। দাঁড়কাক যখন গেরস্থবাড়িতে আসে তখন পাতিকাক তফাতে থাকে। গাঁ-গঞ্জে শোনা যায় দাঁড়কাক নাকি একসময় লোকে পুষতো। ঠিকঠাক তালিম দিতে পারলে এরা যেমন মানুষের কথা নকল করতে পারে তেমনি পায়রার মতো দৌত্যগিরিও করতে পারে। খাঁচার দাঁড়ে থাকতো বলে এই কাকের নাম দাঁড়কাক।

কাকেদের মধ্যে সবচেয়ে বড় হলো ডোম বা যমকাক। দৈর্ঘ্যে প্রায় ২৫- ২৭ ইঞ্চি। নামেই স্বভাবের পরিচয় মেলে। ডোম চাঁড়ালের কাজ যেমন শব্দেহের সৎকার করা তেমনি ডোমকাক-মৃত জীবজন্তুর মাংস পেলেই তার ভোজ। লোকালয়ে খুব একটা দেখা যায় না। শুধু কালো রঙের কাক নয়, সাদা রঙের শ্বেতকাক বা ছিটে কাকও আছে। তবে সেই কাক গ্রামবাংলায় দুর্লভ। মনসামঙ্গলকাব্যে এ কাকের কথা আছে। তবে আরও নানা ধরনের কাকের কথা জানা যায়।

ত্রয়োদশ শতকের জৈন লেখক হংসদেব। রচনা করেছিলেন মুগ-পক্ষী শাস্ত্র। উক্ত গ্রন্থের ৯৮ থেকে ১০৪ পাতা পর্যন্ত বারো প্রকার কাকের বিস্তারিত বিবরণ দিয়েছেন। এগুলি কাকের শুধু প্রতিশব্দ নয়, স্বভাব বৈশিষ্ট্যে আলাদা। যেমন কাক, করট, বলিপুষ্ঠ, স্কৃতপ্রজ, দ্বাক্ষ, আত্মঘোষ, পরভৃৎ, বায়স, চিরজীবিন, মৌকলি, দ্রোণকাক, কাকোলা। বারো ধরনের কাকের আকৃতি প্রকৃতি, গাত্রবর্ণ, ইত্যাদি নানা বিষয়ে বেশ চমকপ্রদ তথ্যাদি দিয়েছেন হংসদেব।

সাধারণ ‘কাক’ কা কা করে। গ্রামের দিকে বাস করা তাদের পছন্দ। মূলত এরা কালো রঙের। ফলমাকড় মাছ মাংস সবই খায়। গা থেকে দুর্গন্ধ ছড়ায়। করট কাকের পাখা দীর্ঘ। আকাশের অনেক উঁচুতে উড়তে পারে। অন্য পাখি বিরক্ত করলে ভয়ানক প্রতিশোধ নিতে পিছপা হয় না। বলিপুষ্ঠ কাক গাঢ় নীল রঙের এবং মসৃণ গাত্রদেশ। লেজ বা ঠোঁট ছোট। মিষ্টি জাতীয় খাবার এদের পছন্দের তালিকায়। মানুষকে ভয় পায় না। একা থাকতে পছন্দ করে। স্কৃতপ্রজ কাক জীবনে একবারই একটি মাত্র ডিম পাড়ে। শরীর ঘোর কালচে রঙের হলেও ঠোঁট সাদাটে। অনেক উঁচুতে উড়তে পারে। দ্বাক্ষ কাক ঘন নীল রঙের। দীর্ঘ পা

ও চঞ্চু। এরা নানা রকম কায়দায় আকাশে উড়তে পারে। আত্মঘোষ কাক কালো বা নীলবর্ণের হয়। এরা মানুষের কথা নকল করতে ওস্তাদ। একাকী থাকতে পছন্দ করে। জলের ধারে ছোট ছোট মাছ প্রিয় খাদ্য। পরভূৎ প্রজাতির কাকেরা খানিকটা বোকা। এরাই মূলত কোকিলের বাচ্চাকে নিজের সন্তান জ্ঞানে মানুষ করে। গায়ের রঙ নীল। দেখতেও খুব সুন্দর। এরা স্নান করতে ভালোবাসে। বায়স হলো কালো রঙের কাক। ককর্শ দীর্ঘ চঞ্চু। গ্রামবাংলায় গোরু ছাগল মোষের গায়ে নির্ভয়ে বসে এঁটুলি বা কীট খায়। চিরজীবিন কাক দীর্ঘজীবী। এরা বন্যাপ্লাবিত নদীকে ভয় পায়। খুব রাগি প্রকৃতির কাক। মৌকলি কাক সাধারণ ছোট। মেল ফিমেল একসাথে থাকে। গুঁড়ো জাতীয় খাবার খুব প্রিয়। দ্রোণকাক আকৃতিতে দীর্ঘ। মাংসাষি। এদের ডাককে ঘোর অমঙ্গল ভাবা হয়। কাকোলা নামে কাকের প্রজাতিটি পার্বত্য অঞ্চলে থাকে। দেখতে কালো রঙের। হংসদেব কাকোলাকে তামস প্রকৃতির কাক বলেছেন।

কাক খুবই সামাজিক পাখি। বড় খাবারের সন্ধান পেলে সকলকে খবর দিয়ে একসঙ্গে আহারে মাতে। কোন কাক মারা গেলে দলবদ্ধভাবে শোক প্রকাশ করে। আবার টেকনিক্যাল বুদ্ধির জন্যও কাক বিখ্যাত। গাছের কোটর থেকে পোকা মাকড় সংগ্রহ করার সময় ঠোঁটে করে ছোট কাঠি ঢুকিয়ে বার করে। কিস্বা ধরুন, শক্ত কোন খাদ্যবস্তুকে ভাঙার জন্য গাড়ি চলাচলের রাস্তায় সেটি রেখে অপেক্ষা করে। অনেকেরই এই প্রসঙ্গে তৃণগর্ত কাকের অবাঁক জলপানের সেই গল্পটা মনে পড়ে যাবে। দাম্পত্যের দিক থেকে কাক বড়ই চরিত্রবান। এক কাকীতেই সমৃদ্ধ থাকে আজীবন। কাকীকে প্রেম নিবেদনের সময় বড়োই অদ্ভুত আওয়াজ করে। বিশেষজ্ঞদের মতে কাকের কণ্ঠস্বর যেমন বৈচিত্র্যপূর্ণ এবং তা নানা প্রকারের। আবার সন্তানের প্রতি তাদের দায়বদ্ধতা দেখলে অবাঁক হতে হয়। মোটামুটি পাঁচ বছর পর্যন্ত ছানাপোনাদের নজরে রাখে কাক।

কাকের কণ্ঠস্বর বৈচিত্র্য, তাদের খাদ্যাভাস, যাপন-চক্র ইত্যাদি বিষয়কে অবলম্বন করে অতি প্রাচীনকাল থেকে দেশে বিদেশে গড়ে উঠেছে কাককেন্দ্রিক লোকসংস্কৃতি। সাহিত্য, ধর্ম, দর্শনও বাদ পড়েনি। প্রাচীনকাল থেকে শকুনশাস্ত্রের অন্যতম বিষয় কাকচরিত্র। দেবদেবীর বাহনের তালিকায় স্থান পেয়েছে কাক। গড়ে উঠেছে কাকতন্ত্র। আমাদের লোকজ দর্শনে যমলোক ও মর্ত্যলোকের সংযোগকারী প্রতিনিধি হয়ে উঠেছে অতি পরিচিত এই কাক।

।। তিন ।।

কাকের উৎপত্তি নিয়ে আমাদের পুরাণ সাহিত্যে তেমন কিছু উল্লেখযোগ্য লোককাহিনী নেই। তবে উপজাতিদের লোকপুরাণে এনিয়ে একাধিক চমৎকার কাহিনী আছে। উড়িষ্যার প্রাচীন উপজাতি যেমন গোণ্ড কন্দ ভূমিজ পাহাড়িয়া বোণ্ডা প্রমুখদের সঙ্গে জড়িয়ে আছে কাক সম্পর্কে বিচিত্র ফোকলোর। এবিষয়ে নির্ভরযোগ্য তথ্যাদি প্রদত্ত হয়েছে ডব্লু. ব্রুক রচিত “ফোকলোর অফ নর্দান ইণ্ডিয়া”, দ্বিতীয় খণ্ড গ্রন্থে।

বোণ্ডাদের লোকপুরাণে পাওয়া যায় পৃথিবীতে মহাপ্লাবনের কথা। চারদিক তখন জলমগ্ন। দেবাদিদেব মহাদেব সৃষ্টির বাসনায় তাঁর দেহ থেকে এক চিমটে ময়লা দিয়ে বানালেন কাক। উড়তে লাগলো সেই কাক। কিন্তু কোথাও বসার জায়গা না পেয়ে বিরস বদনে ফিরে এসে মহাদেবের কাঁধেই চড়ে বসলো কাক। মহাদেবের খুব করুণা হলো। নিজের জটা থেকে এক গাছি চুল ছিঁড়ে জলে নিক্ষেপ করলেই একটা শিমুলগাছ মাথা ঠারো করে জেগে উঠলো। কাক গিয়ে মনের সুখে সেখানে বসলো। কিন্তু মহাদেব আদেশ দিলেন - আরও কী আছে দেখে এসো।

কাক চক্কর মেরে ফিরে এসে জানালো প্রভু জলের মধ্যে ভাসছে একটা ঝাঁপি। সেই ঝাঁপির ভিতরে আছে একটি বাচ্চা ছেলে আর মেয়ে। আবার মহাদেব আদেশ দিলেন কিছুটা মাটি নিয়ে এসো। কাক ঠোঁটে করে জল থেকে মাটি আনলে মহাদেব তা দিয়ে পৃথিবী বানিয়ে দিলেন। এবার ছেলে মেয়েকে বললেন তোমরা বিয়ে করো। তারা তো লজ্জায় লাল হয়ে গেলো।

বললে, এ কী করে সম্ভব! আমরা যে ভাই-বোন। মহাদেব তখন তাদের আলাদা করে দিলেন। পরে যখন তাদের বিয়ে হলো তারা তখন ভুলে গেছে তাদের ভাইবোনের সম্পর্কের কথা। তারাই পৃথিবীর আদি মানুষ।

একই ধরনের লোকপুরাণ প্রচলিত রয়েছে গোণ্ড কোঁদ বা ভূমিজদের মধ্যে। তবে কিছুটা পার্থক্য আছে। ডোকরা ডুকরি নামে এক দম্পতি বাস করতো। একদিন তারা নিবিড় বনে গিয়ে যেই হরিণ শিকার করার জন্য বাণ নিক্ষেপ করতে যাবে তখন হরিণ বললো- আমাকে মেরো না। সাতদিন পর পৃথিবীতে মহাপ্রলয় আসবে। প্রবল বৃষ্টি হবে। সব কিছু বন্যায় ভেসে যাবে। তোমরা দুটি লাউ-এর খোল বানিয়ে একটিতে খাবার আরেকটিতে বাচ্চা ছেলে মেয়ে দুটিকে রেখে দিও। এতেই তোমাদের বংশ রক্ষা পাবে।

হরিণের কথামতো পৃথিবীতে মহাপ্লাবন নেমে এলো। সব কিছু ধ্বংস হয়ে গেলো। কিন্তু লাউ-এর খোল দুটি ভাসতে লাগলো বন্যার স্রোতে। অনেকদিন পর দেবী পার্বতী জানতে চাইলেন মহাপ্লাবনের পর পৃথিবীতে কেউ বেঁচে আছে কি না। শরীরের ময়লা থেকে তৈরি করলেন কাক। বললেন-- কাক তুই দেখে আয় আর কেউ বেঁচে আছে কিনা। কাক এসে গৌরীকে জানালো লাউ-এর খোলের কথা। সেই শিশুদের কথা। পরের ঘটনা বোণাদের মতোই।

উড়িয়ার কোঁদ উপজাতির লোকপুরাণে কাক কীভাবে পৃথিবীতে এলো এ নিয়ে চমৎকার কাহিনী আছে। তুপালি কোঁদ এবং তার স্ত্রী সাত সন্তানকে নিয়ে সুখে বাস করতো। ছেলেপুলেরা বড় হলো। তাদের বিয়ে থা হলো। একদিন তুপালি কোঁদ মারা গেলো। ছেলেদের ডেকে মা একদিন বললো তোমরা শিকারে যাও। পশুর মাংস খেয়েদেয়ে আমরা জন্য কিছুটা নিয়ে এসো। সেই কথা মোতাবেক ছেলেরা বনে গিয়ে একটা হরিণ শিকার করলেও শেষপর্যন্ত তাদের হাত থেকে শিকার ফসকে গেলো। পরের দিন একটা খরগোশ শিকার করে কিছুটা মাংস ঝলসে যেই খেতে যাবে হঠাৎ তাদের নজরে পড়লো মাংস সব কালো গেয়ে গেছে। শুধু তাই নয়, তার থেকে জন্ম নিয়েছে একটি পাখি কাক। সাত সন্তান বললে- তুমি আমাদের সন্তান। তোমার কোন ক্ষতি আমরা করবো না। আর তুমি সব থেকে চালাক পাখি হবে। আমরা যখন শিকারে যাবো তখন তুমি জানিয়ে দেবে বন্য প্রাণীরা কোথায় আছে।

কোঁদদের মধ্যে অনেকেরই প্রিয় পাখি কাক। কাক হত্যা করা তাদের কাছে বন্ধু হত্যার পাপের সমতুল। তাদের সৃষ্টি সংক্রান্ত লোককাহিনী অনুসারে দেখা যায় একটি পরিবারে বৃদ্ধ ও বৃদ্ধা ছাড়াও কয়েকজন শিশু ছিল। দুর্ভাগ্যবশতঃ সেই শিশুরা পরপর মারা যায়। বৃদ্ধ ও বৃদ্ধা শারীরিক ভাবে অক্ষম হবার কারণে শ্মশানে সৎকার করতে না পেরে বাড়ির কাছেই মৃতদেহগুলি রেখেছিল। একদিন ভগবান তাদের প্রতি দয়াপরবশ হয়ে স্বপ্নে জানালেন যে তিনি তাদের জন্য কাক পাখি সৃষ্টি করবেন। সেই কাক মৃতদেহগুলি সৎকার করবে।

কুস্তিয়া কোঁদদের মধ্যে প্রচলিত আছে কাক নিয়ে ভিন্ন গল্প। তাদের আদিমাতা সৃষ্টির দেবী নিরন্তলী। তিনি তাঁর মাসিক শেষ হলে অন্যান্য কাপড়ের সঙ্গে মাসিকের কাপড় চোপড় নিয়ে নদীতে স্নান করতে গেলেন। পরিষ্কার পরিচ্ছন্ন করে সেই কাপড়গুলি মেলে দিলেন রোদে। এদিকে মাসিকের সেই কাপড়টি হাওয়ায় উড়ে গিয়ে লাগলো অশ্বখগাছের ডালে। পরের দিন নিরন্তলী এসে দেখলেন সেই কাপড় থেকে জন্ম নিয়েছে একটি কাক এবং সে কা কা করে ডাকছে। নিরন্তলী তাকে নিয়ে গেলেন বাড়িতে।

হিন্দুদের ধর্মীয় সাহিত্যে বরং উলট পুরাণের গল্প। কাক সেখানে পাপের প্রতীক। শিবপুরাণে এ নিয়ে উল্লেখযোগ্য কাহিনী রয়েছে। প্রাচীনকালে কাশীরাজার শিবভক্ত কন্যা ছিলেন কলাবতী। তাঁর সঙ্গে বিবাহ হয়েছিল মথুরার রাজা দাশারের। যখন পত্নীর গায়ে রাজা হাত দিলেন তখন কলাবতী তাঁর সারা গায়ে অসহ্য জ্বালা অনুভব করলেন। তিনি বুঝতে পারলেন তাঁর

স্বামী ঘোরতর পাপী। তিনি রাজাকে গর্গমুনির আশ্রমে নিয়ে গেলেন পাপমোচন করাতে। গর্গমুনি রাজাকে নদীতে আবক্ষ দাঁড় করিয়ে মন্ত্রপুত করতে লাগলেন। এর ফলে রাজার দেহ থেকে কয়েকটি কাক বেড়িয়ে উড়ে গেলো। কিছু কাক আবার আগুনে পুড়তে পুড়তে নীচে পড়ে গেল। তা দেখতে পেয়ে গর্গমুনি বললেন যে এই সমস্ত কাক হলো তাঁর বিগত জন্মের পাপ।

॥ চার ॥

পণ্ডিত ক্ষিতিমোহন সেন তাঁর জাতিভেদ গ্রন্থে লিখেছেন যে আর্য্য-পূর্ব ভারতীয় জনজাতি নিজেদের পরিচয় দিত কোন জীবজন্তু বা বৃক্ষলতার নামে। শুধু ভারতীয় বলে নয়, এটি আসলে একটি আন্তর্জাতিক লোকবিশ্বাস। সবদেশের মানুষ এক একটি লাঞ্ছন বা চিহ্নে বিশ্বাস করতো। সেই বিষয়গুলি প্রায়শঃ কোন জীবজন্তু বা বৃক্ষনামে যুক্ত হতো। তাঁরা মনে করতেন তাঁদের বংশ সংশ্লিষ্ট জীবজন্তু বা বৃক্ষ বা লতা থেকে উদ্ভবত হয়েছে। একেই বলে টোটম। সেই টোমেন বা কুল-লক্ষণকে তাঁরা পবিত্র বস্তু বলে সংরক্ষণ এবং শ্রদ্ধা করতেন।

জীবজন্তুর নামে নিজেদের আত্মপরিচয় দেওয়ার বহু কাহিনী রামায়ণ, মহাভারত ও পুরাণে রয়েছে। মহাভারতে উল্লিখিত উলুক নামে একদল জনজাতিকে অর্জুন উত্তরদেশ জয় করার সময় পরাজিত করেন। উলুক, পেঁচার অপর নাম। আবার কাক নামক যোদ্ধাদের কথা জানা যায় মহাভারতের ভীষ্মপর্বের ৯.৬৪ শ্লোক থেকে। হয়তো কাক-যোদ্ধাদের কাকই ছিল কুলপ্রতীক বা টোটম। জনপ্রিয় বাংলা ছড়ায় আছে --

সাতটা কাকে দাঁড় বয়
খোকন রে তুই ঘরে আয়।

ছড়াটির প্রসঙ্গে গবেষক শরৎচন্দ্র মিত্র ব্যাখ্যায় লিখেছেন যে উল্লিখিত কাক নৌজীবী গোত্রের কুলপ্রতীক বা টোটম। তাঁর ভাষায়-- ...‘most likely the Indian house crow was the totem of some forgotten clan of boatmen’।

কাকের শত্রু যেমন পেঁচা তেমনি উলুকরা ছিল কাক জনগোষ্ঠীর বৈরী। লিঙ্গপুরাণে কাকেদেরকে বলা হয়েছে ধ্বংক্ষত্র। কাকযোদ্ধাদের নিবাস ছিল সম্ভবত কাকদেশে। মহাভারত ও হরিবংশ অনুসারে কাকদেশ ছিল দক্ষিণ ভারতীয় এক জনপদ। পণ্ডিতেরা অনুমান করেছেন মধ্যপ্রদেশের সাঁচী নগরীর প্রাচীন নাম ছিল কাকদেশ। সমুদ্রগুপ্তের ‘এলাহাবাদ প্রশস্তি’তে কাক নামে এক জনজাতির কথা জানা যায় যারা সমুদ্রগুপ্তের বশ্যতা স্বীকার করতে বাধ্য হয়েছিলো।

কাকের স্ত্রীলিঙ্গ শব্দ কাকী। কাকী নামে একটি পৌরাণিক চরিত্রের কথা জানা যায় যিনি ছিলেন পেচক ও কাককুলের জন্মদাত্রী আদি মাতা। দক্ষকন্যা তাম্রার গর্ভজাতা মেয়ে হলেন কাকী। ইনিই ছিলেন কাক ও পেচক কুলের আদি জননী। সুপর্ণ ও নাগদের মধ্যে কালক্রমে যেমন বৈরিতার সম্পর্ক দেখা যায় তেমনি কাক ও পেঁচাদের মধ্যে অনুরূপ সম্পর্ক ছিল।

ভারতীয় পুরাণ-সাহিত্যে কাকভুষণী এক গুরুত্বপূর্ণ চরিত্র। ইনি প্রসিদ্ধ তত্ত্বজ্ঞানী, অমর, ব্রাহ্মণ। ঋষির অভিশাপে কাক হয়েছিলেন। কাকভুষণী ছিলেন রামভক্ত। শোনা যায় ইনিই নাকি রচনা করেছিলেন ভুষণী রামায়ণ। আরও জানা যায় যে মেরুপর্বতে বাস করতেন ভুষণী। অষ্টমাতৃকা ব্রাহ্মীর বাহন হংসসেবার সঙ্গে প্রণয়ে জড়িয়ে তাঁকে জীবনসার্থী করেছিলেন। তাঁর একুশ জন সন্তান। ভুষণী ত্রিকালজ্ঞ। তিনি দেখেছেন প্রলয় সলিলে ডুবে যাওয়া ধরিত্রীকে। বিষুর যুগে যুগে নানা অবতার রূপে মর্ত্যে আগমনের সাক্ষী তিনি। মহাভারতের যুদ্ধের শেষে স্বয়ং শ্রীকৃষ্ণ ভুষণীকে জিজ্ঞাসা করলেন - কেমন দেখলেন এই যুদ্ধ? নিজের অভিজ্ঞতা শুনিয়েছেন ভুষণী শ্রীকৃষ্ণকে। সত্যযুগে শুভ নিশুন্তের রক্ত মাংস খেয়েলেছিনে। ত্রেতাযুগে রাম-রাবণের যুদ্ধে খানিকটা পরিশ্রম করতে হয়েছিল। আর দ্বাপরে কুরুক্ষেত্র যুদ্ধে তাঁকে প্রচণ্ড পরিশ্রম করতে হয়েছিল। কেননা এই যুদ্ধে বিপুল লোকক্ষয় হয়েছিল।


তুলসীদাসের রামচরিতমানস গ্রন্থে দেখা যায় ভূষুণ্ডী এমনি রামভক্ত ছিলেন যে অন্য কোন দেবতার প্রতি তাঁর শ্রদ্ধা ভক্তি ছিল না। লোমশমুনি ছিল তাঁর গুরু। তিনি ভূষুণ্ডীকে নিরাকার ব্রহ্ম উপাসনায় মনোনিবেশ করার জন্য নির্দেশ দিয়েছিলেন। ভূষুণ্ডী তা অবহেলা করার জন্য তাঁকে কাক হবার অভিশাপ দিয়েছিলেন। ভগবান রামচন্দ্র তাঁকে আশীর্বাদ করে তাঁর জীবনী ও কাহিনী রচনা করার অনুপ্রেরণা জুগিয়েছিলেন। দক্ষিণভারতে কাকভূষুণ্ডী বা শ্রীকাকপূজনদরকে কেন্দ্র করে একটি আশ্রমিক সাধনার ধারা সুপ্রাচীনকাল থেকে আজও বহমান। রয়েছে কাকভূষুণ্ডীর মন্দির ও বিগ্রহ। তাঁর ষোলটি নাম যেমন কাগভূজন্দন, নাগভূজন্দন, যোগভূজন্দন, কাকায়ন, নাগনেত্রমুনি, চিরঞ্জীবমুনি ইত্যাদি।

নেপালে হিন্দুদের দ্বিতীয় বৃহত্তম লোকউৎসব হলো তিহার। পাঁচদিন ব্যাপী অনুষ্ঠানের প্রথম দিন হলো কাগতিহার। কার্তিকমাসের কৃষ্ণ ত্রয়োদশী তিথিতে কাগপূজো কাগতিয়ার পরব পালিত হয় যথাযথ মর্যাদার সঙ্গে। কাককে তাঁরা যমরাজের বার্তাবাহক হিসাবে পূজো করেন। বিশ্বাস করা হয় কাকের পূজো সেদিন করলে তাঁদের জীবনে সমৃদ্ধি ও সুখ আসবে। এদিন ছাদের উপরে কাকের নামে নানা ধরনের ফল মিষ্টান্ন উৎসর্গ করা হয়।

বাংলায় কাকের সরাসরি কোন পূজো নেই তবে কুমারটীর পালনীয় যমপুকুর-ব্রততে কাকের অস্তিত্ব আছে। কার্তিকমাসে পালিত ব্রতটিতে একটি চৌকো পুকুর কেটে চারটি ঘাট করতে হয়। চার ঘাটে নানাবিধ পুতুলের সজ্জা থাকে। পুকুরের মাঝে থাকে হলুদ মানকচু ইত্যাদি নানা প্রকারের গাছগাছালি। পশ্চিমঘাটে চারটে পুতুল যথা কাক বক চিল এবং কুমীরের পূজো করা বিধেয়। কাককে পূজো করার সময় ব্রতী ফুল দিয়ে বলেন--
যমের কাক সাক্ষী থেকে যমপুকুরটি পূজি।

॥ পাঁচ ॥

হরপ্পা সভ্যতাতেও কাকের ছবি উজ্জ্বল। গুজরাটের লোথাল থেকে আবিষ্কৃত চিত্রিত মৃৎপাত্রের গায়ে একাধিক কাকের ছবি দেখা যায়। Preeti A. Panjwani and Bratati Sen রচিত Painted Decorations on Pottery from Chalcolithic Sites of Gujarat: A Preliminary Study রচনায় সংশ্লিষ্ট বিষয়ের সচিত্র বিবরণ আছে। (পৃ-৬৫) একটি মৃৎপাত্রের গায়ে আঁকা দুটি গাছের নীচে একটি বড় মাপের জলপাত্রের কাছে একটি কাক। অপর দিকে একটি হরিণ ঘাড় কাত করে কাক কিস্তি জলপাত্র দেখছে। অনেকের মতে ছবিটি আসলে সেই তৃষগর্ত কাকের জলপান করার দৃশ্যরূপ। আরও একটি ছবিতে দেখি গাছে এক ঝাঁক কাক বসে আছে। তাদের ঠোঁটে সম্ভবত মাংসর টুকরো। নীচে অপেক্ষা করছে শিয়ালের মতো প্রাণী। হয়তো কাকের ঠোঁটে থাকা মাংসর জন্য তার এই অপেক্ষা। (ছবি-৯৫)



Crow: Crow is depicted only on a few specimens from Lothal. In one instance crow is shown on a big jar, on another side is a beautiful caprid. On another specimen, a whole group of crows is shown perched on a big tree, holding fish in their beaks. Few are flying and others are on the verge of flying. A jackal like animal is shown standing under a tree perhaps waiting for fish to drop from the beaks of crows.

বাল্মীকি রামায়ণের সুন্দরকাণ্ডের ৩৮ সর্গে সীতার প্রতি কাকের অত্যাচারের কাহিনীর বর্ণনা

আছে। অশোককাননে বন্দিনী সীতা। হনুমান এলেন সেখানে। আত্মপরিচয় পরিচয় দিলেন। জানালেন - প্রভু রামচন্দ্রের উদ্দেশ্যে সীতাদেবী এমন একটি অভিজ্ঞান দেন যাতে তার প্রতি শ্রীরামের বিশ্বাস হয়। সেই প্রসঙ্গে সীতা চিত্রকূট পর্বতে থাকা কালীন এক কাকের দ্বারা কীভাবে নিপীড়িত ও অত্যাচারিত হয়েছিলেন সেই প্রসঙ্গ তুলে ধরলেন।

চিত্রকূট পর্বতের পূর্বদিকে অবস্থিত একটি সুন্দর পর্বতে তাদের বাসস্থান ছিল। অদূরে প্রবাহিত হচ্ছে মন্দাকিনী। সেখানকার এক পুষ্পসৌরভপূর্ণ জলধারায় রামচন্দ্র জলবিহার করে আদ্রদেহে সীতার ক্রোড়ে উপবেশন করলেন। একদিন একটি দুষ্ট কাক মাংসলোলুপ হয়ে সীতা শরীরে চঞ্চু বিদ্ধ করে। ঢিল মেরে সেই কাককে প্রতিহত করতে গেলে সীতার কটি বসন স্থলিত হয়ে পড়ে। তাই দেখে রামচন্দ্র মৃদু



উপহাস করে। সীতা লজ্জিত ও ক্রোধিত হলেন। তারপর দুজনে নিদ্রিত হলেন। সীতাদেবী হঠাৎ জেগে উঠলেন। কাকটি সহসা সীতার স্তনমধ্যে চঞ্চু বিদ্ধ করে রক্তাক্ত করে দিল। প্রেয়সীর আত্ননাদে রামচন্দ্র জেগে উঠলেন। দেখলেন কাকের একী ভয়ানক কাণ্ড। তিনি প্রচণ্ড ক্রোধিত হয়ে ব্রহ্মাস্ত্র কুশ-বাণ নিক্ষেপ করলেন কাকের প্রতি। কাক ত্রিলোক ঘুরেও সেই বাণ এড়াতে পারলে না। শেষে রামচন্দ্রের পদতলে পড়ে ক্ষমা প্রার্থনা করে মুক্তি লাভ করলো। কিন্তু ব্রহ্মাস্ত্র বৃথা যায় না। ফল স্বরূপ কাকের দক্ষিণ চক্ষু বিদীর্ণ হলো।

মহাকবি কালিদাস রঘুবংশম কাব্যের দ্বাদশ সর্গে এই ঘটনাটিও বর্ণনা করেছেন--

ঐন্দ্রিঃ কিল নৈখৈস্তস্য বিদদার স্তনৌ দ্বিজঃ।

প্রিয়োপভোগচিহ্নেষু পৌরোভাগ্যমিবাচরণ।।

তস্মিন্মাস্ত্রাদিষকাস্ত্রং রামো রামাববোধিত।

ভ্রাস্তৃশ্চমু মুচে স্তমাদেকনেত্রব্যয়েনঃ সং।।

অর্থাৎ, একটি কাক এসে সীতার স্তনে নখের আঁচড় কেটে দিল। স্বামীর উপভোগের চিহ্ন দেখাকেই সে দোষের মনে করেছিল। প্রিয়ার ডাকে জেগে উঠে রামচন্দ্র কুশবাণ কাকটির দিকে নিক্ষেপ করলেন। কাকও ঘুরতে ঘুরতে একটি চোখ ফেলে নিস্তার পেলো।

কৃত্তিবাসী রামায়ণে অযোধ্যাকাণ্ডে এই কাকের বিবরণ দেওয়া হয়েছে। কাকটি ছিল ইন্দ্রপুত্র জয়ন্ত। সে সীতার রূপ সৌন্দর্য্য দেখে বিমোহিত হয়ে পড়ে। এর ফলে কাকরূপে জয়ন্ত সীতার স্তনে আঘাত করেছিল।

জয়ন্ত নামেতে কাক আকাশে উঠিয়া বুলে।
ঠাকুরানীর রূপ দেখিয়া ধড়ফড় করে।।
অচেতন হইয়া কাক ধরিতে নারে মন।
দুই পায়ের নখে আঁচড়ে সীতার দুই স্তন।।
উছ করিয়া উঠিলা সীতা তো সুন্দরী।
রাম বলেন লক্ষ্মণকে সীতাকে করিল ঠোলি।।
বেদনা পাইয়া সীতা রামের পানে চায়।
পলাইয়া গেল কাক অঁচড়িয়া গায়।।
হেনকালে রামেরে বলেন দেবী সীতা।
আঁচড়িয়া গেল কাক বড় পাইলু ব্যথা।।
কাক মারিতে এড়িলা রাম ঐষিক বাণ।
খেদাড়া যায় কাকে লইতে পরান।।
কৈলাস এড়িয়া কাক অমরাবতী যায়।
কাক মারিতে বাণ পাছু পানে ধায়।।

ইন্দের ঠাঞি গিয়া কাক পশিলা শরণ।
ঐষিক বাণ তখন হইলা ব্রাহ্মণ।।
ব্রাহ্মণ হইয়া বাণ গেল ইন্দের ঠাঞি।
রঘুনাথের বাণ আমি জয়ন্ত কাক চাই।
রামের বাণ দেখিয়া ইন্দ্র উঠিলা তখন।
জোড় হাতে বাণের তরে করেন নিবেদন।।
বাণ বলে আমার ঠাঙি নহিবে এড়ান।
ত্রিভুবনে ব্যর্থ না যায় রঘুনাথের বাণ।।
কাক রাখিতে নারি দেব পুরন্দর।
জয়ন্ত কাক আনিয়া দিল বাণের গোচর।।
জয়ন্ত কাক দেখিয়া রুঘিল রামের বাণ।
বিঁধিয়া কাকেরে কৈল একচক্ষু কান।।
অপমান পাইয়া কাক গেল আপন দেশে।
অযোধ্যাকাণ্ড রচিল পণ্ডিত কৃষ্ণিবাসে।।

সীতাকল্যাণ নামে পরিচিত টুলু রামায়ণে কাক নিয়ে একটি ভিন্নতর কাহিনী আছে। একবার রাজা জনকের মিথিলা রাজ্যে কাকের বড় উপদ্রব বাড়ে। তাদের অস্বাভাবিক বৃদ্ধিও হয়। রাজ্যে কাকের বাড়বাড়ন্ত ও উৎপাতে চরম বিশৃঙ্খলা শুরু হয়ে যায়। আতঙ্কগ্রস্ত রাজা জনক ঘোষণা করলেন যে ব্যক্তি এই কাকের উপদ্রব কমাতে পারবে তার হাতে সুন্দরী রাজকন্যা সীতাকে সম্পর্পণ করবেন। কথাটা শুনতে পেলেন লক্ষ্মণ। তিনি মিথিলায় গিয়ে কাক দমন করে রাজ্যে শান্তি শৃঙ্খলা ফিরিয়ে আনলেন। ঘোষণা অনুযায়ী লক্ষ্মণের হাতে সীতাকে তুলে দিতে গেলে তিনি জানালেন যে তাঁর জ্যেষ্ঠ ভ্রাতা এখনও অবিবাহিত। সুতরাং তাঁর সঙ্গেই সীতার বিবাহ হোক। রামচন্দ্র শর্তানুসারে হরধনু ভঙ্গ করে সীতাকে বিবাহ করলেন।

জাতকের গল্পে একাধিক বার কাকের প্রসঙ্গ এসেছে। “কাক জাতক” কাহিনী থেকে জানা যায় বোধিসত্ত্ব একবার কাককুলে জন্ম গ্রহণ করেছিলেন। একসময় এক অপরিণামদর্শী কাক মজা করার জন্য ব্রাহ্মণ রাজপুরোহিতের মাথায় বিষ্ঠা ত্যাগ করেছিল। এর ফলে ব্রাহ্মণ সমগ্র কাকজাতির প্রতি ভয়ংকর ক্রুদ্ধ হয়েছিল। এদিকে ঘটনাক্রমে দাসী ধান পাহাড়া দেওয়ার সময় ছাগল তাড়াতে গিয়ে একটি অগ্নিপিশু ছাগলের গায়ে নিক্ষেপ করে। ছাগলের গায়ের লোম জ্বলতে থাকে। আগুনের জ্বালা থেকে বাঁচতে ছাগলটি তৃণাচ্ছাদিত হস্তীশালায় ছুটে যায়। ফলে হাতিশালায় আগুন লাগে। বহু হাতি এর ফলে পুড়ে যায়। রাজা হস্তিবৈদ্যদের চিকিৎসায় ব্যর্থতা দেখে রাজপুরোহিতের কাছে পরামর্শ চায়। পুরোহিত এই অবসরে পূর্বতন রাগের বশে বললেন যে এর প্রকৃত ঔষধ কাকের বসা অর্থাৎ মেদমজ্জার প্রলেপ দিতে হবে হাতির ক্ষতে। সাড়া রাজ্য জুড়ে কাক নিধনে মেতে উঠলেন রাজা। খবর গেলো বোধিসত্ত্ব কাকের কাছে। সে নির্ভয়ে এসে রাজাকে জানালো পুরোহিত কাকদের প্রতি পূর্বতন শত্রুতা বশতঃ মিথ্যা কথা বলেছে। কারণ কাকের কোনো বসা হয় না। রাজা এবার প্রকৃত সত্য বুঝতে পেরে বোধিসত্ত্বকে সম্মান শ্রদ্ধা জানালেন আর রাজ্যের কাকদের জন্য খাবারের আয়োজন করলেন। অন্যান্য জাতকেও কাকের কথা এসেছে। যেমন, লটুকিক জাতকে পক্ষী মায়ের গল্প রয়েছে। সে আপ্রাণ চেষ্টা করেও শক্তিশালী হস্তীযুথের থেকে তার শাবকদের বাঁচাতে পারেনি সত্য, কিন্তু উপস্থিত বুদ্ধির জোরে কাক নীলমক্ষিকা ও ব্যাঙের সঙ্গে বন্ধুত্ব করে দুট্টু হাতিকে জব্দ করেছিল। ধ্রুতমধ্বজ জাতকে চরম বিশ্বাসঘাতক এক কাক তপস্বীর বেশে ধর্মনিষ্ঠার ভাণ করে পক্ষীকুলের সর্বনাশ করেছিল।

Dr. Swapan Thakur is a teacher, writer, researcher, and the founder-editor of Koulal, a print and online magazine that chronicles the Literature, History, and Culture of undivided Bengal (<https://koulalpotrika.com/>). As a teacher and researcher, he has extensively explored the ‘Rarh’ region of Bengal. For his contributions and research, he has been bestowed with many awards and felicitations from several institutes such as Kolkata Pranay-Memorial Award, Nabadwip Archeological Council, Calcutta Little Magazine Library and Research Centre.



কাকমারা

আলোচনায়ঃ কনাদ বৈদ্য

“পশ্চিমবঙ্গের মেদিনীপুর জেলার দক্ষিণ-পূর্ব সমতলে এই কাকমারা সম্প্রদায়ের দেখা পাওয়া যায়, যারা সারা বছর এক জায়গা থেকে আর এক জায়গায় ঘুরে বেড়ায়। সংখ্যায় এরা কমবেশি ২৫০-৩০০-র মতো। এরা শ্মশানের ফেলে-দেওয়া হাঁড়ি-কলসি কুড়িয়ে নিজেদের রান্নার কাজে ব্যবহার করে, মড়া পোড়ানো অর্ধদগ্ধ কাঠও দৈনন্দিন কাজের জন্য ব্যবহার করে... এরা বেঁজি, ভেঁদড়, ধেড়ে ইঁদুর, কাক শিকার করে তাদের মাংস খায়। প্রত্যেক পরিবারেই একাধিক কুকুর আছে, এগুলি তাদের শিকারের কাজের সহায়ক। খুব ছোট বর্শাকে ক্ষেপনাস্ত্রের মত ব্যবহার করে পাখিদের এফোঁড়-ওফোঁড় করে বিঁধে ফেলে। বিচিত্র কায়দায় তৈরি একধরনের জাল এরা কাক ধরার জন্য ব্যবহার করে। প্রথমে জালটাকে মাটিতে বিছিয়ে তাতে গৌজ আটকে দেয়। এর এক প্রান্ত একটা বড় বাঁশের সঙ্গে শক্ত করে বাঁধা থাকে এবং অপর প্রান্তে একটা লম্বা-দড়ি বেঁধে শিকারি কাকমারা দূরে বসে অপেক্ষা করে। ভিজে চাল টোপ হিসেবে ব্যবহৃত হয়। কখনও কখনও মরা কাকের পালক এমন কায়দা করে সাজানো হয় যে ওগুলোকে অন্য কাক বলে মনে হয়। এভাবে কাকেরা প্রলুব্ধ হয়ে যেই জালের নীচে আসে, অমনি শিকারি দড়ি ধরে টান দেয় আর জালের নিচের মাটি থেকে খাবার খুঁটে খাওয়া কাকদের ওপর আপনা-আপনি চাপা পড়ে যায়। এরা বলে যে, তিন থেকে পাঁচজন লোক এক সঙ্গে কাজ করে এক এক খোঁপে ত্রিশ/ পঞ্চাশটা কাক ধরতে পারে।”

এরা মূলত ভিক্ষাজীবী। একসময় কাক উপদ্রুত অঞ্চলে কাক মেরে কাকের উপদ্রব দূর করা ছিল তাদের উপজীবিকা। সেজন্য তাদের নাম ‘কাকমারা’। কাঁথি, পটাশপুর, খেঁজুরি, নন্দীগ্রাম, মহিষাদল, সবং-এর মতো নানা জায়গা এই যাবাবরদের প্রধান বিচরণভূমি। এছাড়া দঃ চব্বিশ পরগণার কাকদ্বীপ, ওড়িশার বালেশ্বর এবং পুরীতেও এদের দেখা যায়। ‘গায়ে খাঁকি পোশাক, নানান রঙের তালি-তাল্পি দেওয়া জামা, মাথায় লাল পাগড়ি, কপালে বড়ো একটি সিঁদুরের টিপ, এক হাতে বালা ও মরচে ধরা হাতলবিহীন ছুরি, অন্য হাতে লাঠি, গলায় রঙ-বেরঙের পুঁতির মালা’ -এই হলো পুরুষের বেশ। আর ‘মেয়েদের হাতে কাঁচের চুড়ি, কাঁধে হরেক কিসিমের তালি মারা থলি এবং পিঠে কাপড়ের থলিতে বাচ্চা রাখা। হাতের বালা আর চুড়ির টুং টাং শব্দ আর তার সঙ্গে মাতৃভাষায় রামগান।’ কাকমারারা নিজেদের মধ্যে ভাঙা তেলুগুতে কথা বলে। ১৯৫১ সালের আদমসুমারীতে ‘মাদ্রাজী’ হিসেবে এরা নিজেদের পরিচয় লিপিবদ্ধ করিয়েছে। আদতে অন্ধ্রপ্রদেশের লোক। বাইরের লোকের সঙ্গে ভাঙা-ভাঙা বাঙলায় কথাবার্তা বলে থাকে। আজ প্রায় দু-শ বছর মূলধারা থেকে বিচ্ছিন্ন হয়ে

গবেষকদের মতে, মুসলমান আমলে যে সব মাদ্রাজী সৈন্য বাংলায় নিযুক্ত ছিলেন, এঁরা তাঁদের বংশধর। ব্রিটিশ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির রাজত্বের প্রথম দিকে এঁরা তাঁদের সেনাবাহিনীতে নিযুক্ত ছিলেন। ১৭৬০ খ্রিস্টাব্দে নবাব জাফর খাঁ-র সময় প্রায় তিনশো তেলিঙ্গা সৈন্য নবাবের চাকরি ছেড়ে দিয়ে যোগ দেন বীরভূমের রাজার সেনাবাহিনীতে। পরবর্তী সময়ে ব্রিটিশ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির আমলে তাঁরা রাজা-জমিদারদের চাকরি থেকে বরখাস্ত হোন এবং এরপর অনেকেই ফিরে যান তেলিঙ্গানায়। আর কিছুজন বাংলায় থেকে যান। আর তাঁদের উত্তর পুরুষরাই বাংলার কাকমারা।

পড়ায় নিজেদের মৌল বৈশিষ্ট্যের অনেকখানিই হারিয়ে বসে আছে। কাকমারাদের সম্ভাব্য উৎস, যাযাবর বৃত্তির কারণ, আস্তানা, সামাজিক অবস্থান, সংস্কৃতি-আচার-অনুষ্ঠান, জীবন-প্রবাহ, বিবাহ সংক্রান্ত আচার, মৃত্যু-সংস্কার ইত্যাদি নিয়ে প্রথম আলোকপাত করেন প্রখ্যাত নৃতত্ত্ববিদ ড. প্রবোধকুমার ভৌমিক। প্রত্যক্ষ ক্ষেত্র থেকে তথ্য অনুসন্ধান করে Man in India [Vol.39. No.4] নামক বিখ্যাত জার্নালে ১৯৫৯ সালে তিনি একটি প্রতিবেদন রচনা করেছিলেন। পরবর্তীতে সেটি পরিমার্জিত হয়ে ১৯৭৬ সালে

প্রকাশিত হয় গবেষণা গ্রন্থ Socio-Cultural Profile of Frontier Bengal-এ। ১৯৯৯ সালেও এদের নিয়ে লেখার সময় প্রবোধবাবু বলছেন, “দীর্ঘদিনের ব্যবধানের ফলে পরিসংখ্যানগত কিছু অদল-বদল হলেও ওঁনার মৌল নিরীক্ষণ, কাকমারাদের জীবনযাত্রা আজও প্রায় অপরিবর্তিত আছে।”

কি! বেড়িয়ে পড়বেন নাকি কাকমারারা আজ কতজন বেঁচেবর্তে আছে, কেমন আছে কিংবা তাদের পুরোনো রিচুয়াল সম্বন্ধে খোঁজখবর করতে?

এখানেই শেষ নয়। আমাদের বাংলাদেশের পূজোতে, লোকসাহিত্যে, লোকসংস্কারে, লোকশিল্পে, আধুনিক ও পুরোনো বাংলা সাহিত্যে, জীবনানন্দের লেখায় আলোচিত কাকদের নিয়ে নানা তথ্য উঠে এসেছে ১৯৯৯ সালে প্রকাশিত শ্রীসনৎকুমার মিত্রের সম্পাদনায় “কাক ও সংস্কৃতি” নামে ১৫০ পাতার চটি বইটিতে। সূচীপত্র দ্রষ্টব্য।


“কাক ও সংস্কৃতি”

শ্রী সনৎকুমার মিত্র সম্পাদিত

পরিবেশক- পুস্তক বিপণি

প্রথম প্রকাশ- ১৯৯৯

বিশেষ কৃতজ্ঞতাঃ “কাক নেই, কাকমারাও নেই”, উত্তম মন্ডল। লিঙ্কঃ <https://risingbengal.in/history-of-india/>



Kanad Baidya, founder member of the Birdwatchers' Society, is a doctor by profession. He is also the co-author of “Banglar Pakhpakhali” which some consider as the “Bible of Bengal Birds”.



কাক আর কলকাতা

কনাদ বৈদ্য

‘বৈপরীত্যের এমন আশ্চর্য্য সমাহার নিয়ে শতাব্দীর পর শতাব্দী ধরে উড়ে চলেছে’ আর কি কোনও পাখি আছে আমাদের এই কাকের মতো ?

কাক অসম্ভব বুদ্ধিমান।

